দৈনিক ইত্তেফাক

তারিখ 0 5 OCT 1988
পৃষ্ঠা ... ৫

058

## শিক্ষা ব্যবস্থায় গুণগত পরিবর্তন আনয়নের প্রয়াস সফল করুন

— শিক্ষামন্ত্রী

বাসস জানায়, শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ গতকাল (মঙ্গলবার) শিক্ষা ব্যবস্থায় গুণগত পরিবর্তন আনয়নের জন্য সরকার কর্তৃক গৃহীত সাম্প্রতিক পদক্ষেপ সমূহকে সফল করার জন্য আন্তরিক

(১১শ পৃঃ দ্রঃ)

### শিক্ষামন্ত্রী

(১ম পৃঃ পর)

প্রয়াস চালাইতে শিক্ষক-ছাত্র এবং অভিভাবকদের প্রতি আহ্বান জানাইয়াছেন। তিনি বলেন যে, সরকার পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের চেষ্টা করিতেছেন, যাহাতে পরীক্ষার টেবিলে সকল পাঠ্য বই পাইলেও কোন ছাত্র প্রশ্নের জবাব দিতে পারিবে না। মন্ত্রী খিলখেতে কুমিটোলা হাইস্কুল প্রাঙ্গণে একটি প্রাথমিক বিদ্যালয়ের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। স্থানীয় সংসদ সদস্য সিরাজুদ্দিন আহমেদও এই উপলক্ষে বক্তৃতা করেন।

শিক্ষা মন্ত্রী বলেন যে, প্রেসিডেন্ট এরশাদের গতিশীল নেতৃত্বাধীন সরকার শিক্ষার ক্যাম্পাস সমূহকে দলীয় রাজনীতিমুক্ত রাখিতে বদ্ধপরিকর। তিনি আরও বলেন যে, যাহারা ছাত্রদের দলীয় রাজনীতিতে জড়িত করে এবং তদ্বারা শিক্ষা অঙ্গনে অনুপযোগী পরিবেশ সৃষ্টি করে তাহাদের পুত্র-কন্যারা বিদেশে পড়াশুনা করে।

শিক্ষামন্ত্রী বিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রদের নিকট হইতে প্রেসিডেন্টের ত্রাণ ও কল্যাণ তহবিলে ৩ হাজার ১ টাকা দানের চেক গ্রহণ করেন।